

একনজরে বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র বাঘাবাড়ী, শাহাজাদপুর, সিরাজগঞ্জ

পটভূমি : বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর আঞ্চলিক কেন্দ্রটি বাংলাদেশের প্রধান দুগ্ধ উৎপাদনকারী অঞ্চল সিরাজগঞ্জ জেলা হতে ৫০ কিঃ মিঃ দূরত্বে শাহাজাদপুর উপজেলার ২.০ কিঃ মিঃ দক্ষিণে বাঘাবাড়ীতে অবস্থিত। ১০.০৩ একর জায়গার চারপাশ দেওয়াল বেষ্টিত সবুজে ঘেরা নিরিবিলা পরিবেশের মধ্যে এ আঞ্চলিক গবেষণা কেন্দ্রে গবেষণা কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। ফার্মিং সিস্টেম গবেষণা কাজের অংশ হিসেবে উক্ত এলাকার প্রাণিসম্পদ এর উপর একটি বেইসলাইন (Baseline) জরিপ পরিচালনার মাধ্যমে প্রথম গবেষণা কার্যক্রম শুরু হয়। দুগ্ধ উৎপাদনকারী অঞ্চল হওয়ায় প্রাণিসম্পদ পালনকারীদের জোড়ালো সুপারিশের ভিত্তিতে শেষ পর্যন্ত এটি একটি পূর্ণাঙ্গ গবেষণা প্রতিষ্ঠান হিসেবে বর্তমানে স্বীকৃতি লাভ করেছে। এ আঞ্চলিক গবেষণা কেন্দ্রের ইতিহাসটি হলো, বাঘাবাড়ী ঘাট, শাহাজাদপুর, সিরাজগঞ্জে প্রাণিসম্পদ অধিদপ্তর ও মিল্ক ভিটা এর সার্বিক সহযোগিতায় মিল্ক ভিটা এর একটি অফিস কক্ষে বিএলআরআই এর গবেষণা কার্যক্রম ১৯৮৭ খ্রিঃ শুরু করা হয়। প্রাণিস্বাস্থ্য ও প্রাণী পুষ্টি ল্যাবের কার্যক্রম ঐ বৎসরের ডিসেম্বর মাস থেকেই আরম্ভ হয়। পরবর্তীতে, ২০০৩ খ্রিঃ ১লা জুলাই বিএলআরআই কর্তৃক অধিগ্রহণকৃত ১০.০৩ একর জায়গার মধ্যে চারতলা ভিত্তি বিশিষ্ট একটি অফিস ভবন, দুইটি ডরমেটরী ভবন প্রতিষ্ঠার মাধ্যমে উক্ত আঞ্চলিক কেন্দ্রের নিজস্ব ভবনে কার্যক্রম শুরু হয়। কেন্দ্রটির প্রতিষ্ঠা লগ্নে প্রতিটি ভবনের নীচ তলার কাজ সম্পন্ন করা হয়। পরবর্তীতে, ১৬ অক্টোবর ২০১২ খ্রিঃ আঞ্চলিক কেন্দ্র জোরদারকরণ প্রকল্প এর অর্থায়নে অফিস ভবনের কাজ শেষ করে দ্বিতীয় তলায় প্রাণিপুষ্টি ল্যাবরেটরী ও প্রাণিস্বাস্থ্য গবেষণাগারের কার্যক্রম এর উদ্বোধন করা হয়। বর্তমানে কেন্দ্রটিতে গবেষণাসহ সকল প্রকার কর্মকান্ড সফলতার সাথে এগিয়ে চলছে।

১. আঞ্চলিক কেন্দ্রের অবকাঠামো

(ক) অফিস কাম ল্যাবরেটরী ভবন : উক্ত কেন্দ্রে প্রায় ৮ শতক জায়গার উপর অফিস ভবনের নিচতলায় আঞ্চলিক কেন্দ্রের ইনচার্জ এর কক্ষ, কর্মকর্তাবৃন্দের অফিস কক্ষ, লাইব্রেরী ও একটি প্রশিক্ষণ কক্ষ রয়েছে। দ্বিতীয় তলায় দক্ষিণ পাশে একটি অত্যাধুনিক প্রাণিস্বাস্থ্য গবেষণাগার এবং উত্তর পাশে উন্নতমানের একটি প্রাণিপুষ্টি গবেষণাগার রয়েছে।



অফিস কাম ল্যাবরেটরী ভবন



বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
বাঘাবাড়ী, শাহাজাদপুর, সিরাজগঞ্জ

(খ) ডরমেটরী ভবন ১ ও ২ :

ডরমেটরী ভবন ১ এ ৬ কক্ষ বিশিষ্ট রুম রয়েছে। এটি ভিআইপি গেস্ট হাউজ হিসেবে ব্যবহৃত হচ্ছে। ডরমেটরী ভবন ২ এ ডাইনিং কিচেন কক্ষসহ মোট ৩ কক্ষ রয়েছে।



ডরমেটরী ভবন

(গ) ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট এবং পাওয়ার হাউজ : অত্র এলাকায় ভূ-গর্ভস্থ পানিতে প্রচুর পরিমাণ আয়রন বিদ্যমান। তাই, বিশুদ্ধ ও আয়রণমুক্ত পানি সরবরাহের জন্য এ আঞ্চলিক কেন্দ্রে আধুনিক মানের একটি ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট রয়েছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে কেন্দ্রে ১৩৫ কিলোওয়াট পাওয়ার প্লান্ট বিশিষ্ট একটি বৈদ্যুতিক নিয়ন্ত্রণ কক্ষ বা পাওয়ার হাউজ রয়েছে।



ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট

(ঘ) জনবল (কাঠামো) (Manpower) :

ক্রমিক নং	পদবী	জন
১	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইনচার্জ	১
২	বৈজ্ঞানিক কর্মকর্তা	২
৩	মাঠ সহকারী	১
৪	ল্যাব এটেনডেন্ট	১
৫	আউটসোর্সিং কর্মচারী	৬
৬	দৈনিক হাজিরা ভিত্তিক শ্রমিক	৭
সর্বমোট		১৮ (আঠার) জন

